গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন-২ অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রস্তাবিত 'সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ, ২০২৬' বিষয়ে আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ইয়াসমিন বেগম<br>অতিরিক্ত সচিব, আইন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ |
| তারিখ ও সময় | : | ১৯ জানুয়ারি ২০২৫; দুপুর ১২:০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত 'সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ, ২০২৬' সভায় উপস্থাপন করেন।

২। সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব, জনাব মো: মাহবুবুর রহমান পাটোয়ারী প্রস্তাবিত অধ্যাদেশ প্রণয়নের প্রেক্ষাপট এবং যৌক্তিকতা সম্পর্কে সভাকে অবহিত করেন। প্রস্তাবিত অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশের আবশ্যকতা রয়েছে উল্লেখ করে তিনি কমিটিকে সুপারিশ করার অনুরোধ জানান।

৩। প্রস্তাবিত অধ্যাদেশের বিষয়ে কমিটির সদস্যগণ আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সুপারিশ করা হয়:

| | |
|---|---|
| ৩.১। | **প্রস্তাবনা:** 'অংশীজন কর্তৃক সমর্থিত এবং ইহার যৌক্তিকতা শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট অংশীজন কর্তৃক সমর্থিত হইয়াছে' বাক্যাংশ বিযুক্ত করে প্রস্তাবনা অধিক পরিমার্জন করে পুনর্গঠন করা সমীচীন। |
| ৩.২। | **ধারা ২ এর উপধারা (ক), (ঘ), (দ), (ম) (ফ), (র), (স), (য), (০২) ও (ঁ):** বিযুক্ত করা সমীচীন। |
| ৩.৩। | **ধারা ২:** প্রযোজ্য ক্ষেত্রে শুধু 'ডিপার্টমেন্ট' অথবা 'ডিসিপ্লিন' শব্দ ব্যবহার সমীচীন। |
| ৩.৪। | **ধারা ৩:** 'বিপরীতে' শব্দটি বিযুক্ত হবে এবং 'কার্যকর হইবে' বাক্যাংশের পরিবর্তে 'প্রধান্য পাইবে' বাক্যাংশ ব্যবহার করে বিধানটি পুনর্গঠন করা আবশ্যক। |
| ৩.৫। | **ধারা ৪ এর উপধারা (১):** 'এই আইনের বিধান অনুযায়ী' বাক্যাংশ বিযুক্ত করা যেতে পারে। |
| ৩.৬। | **ধারা ৫:** 'লিঙ্গ' শব্দের পরিবর্তে 'জেন্ডার' শব্দ ব্যবহার করা যেতে পারে। |
| ৩.৭। | **ধারা ৬ এর উপধারা (১):** 'এই আইন ও কমিশন আদেশ এর বিধান সাপেক্ষে' বাক্যাংশ বিযুক্ত |

২

| | |
|---|---|
| | করা যেতে পারে। |
| ৩.৮। | **ধারা ৮:** প্রস্তাবিত বিধান বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কার্যক্রম সংশ্লিষ্ট বিধায় এ সংক্রান্ত ধারাটি বিযুক্ত করে The University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O. No. 10 of 1973) সংশোধনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। |
| ৩.৯। | **ধারা ৬, ৯, ১০, ১২, ১৪, ১৫, ২০, ২১, ২৪, ২৬, ২৭, ২৮, ৩৫, ৩৭, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, এবং ৬০:** প্রস্তাবিত বিধানসমূহ বিধিমালায় অন্তর্ভুক্তিযোগ্য। এই ধারাসমূহের মূল বিষয়বস্তু অতি সংক্ষেপ আইনে সন্নিবেশ করা যেতে পারে। বিস্তারিত বিধানসমূহ তপশিল/বিধিতে উল্লেখ করা সমীচীন। |
| ৩.১০। | **ধারা ১৯ এবং ৩৩:** অর্থ বিভাগের পরামর্শক্রমে পুনর্গঠন করা যেতে পারে। |
| ৩.১১। | **বিবিধ:**<br>ক। ধারার ক্রম ঠিক রাখা সমীচীন।<br>খ। খসড়া অধ্যাদেশটি বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো) কর্তৃক পরিমার্জন করা যেতে পারে।<br>গ। প্রস্তাবিত অধ্যাদেশ সম্পর্কিত কোন বিষয়, বিধান, কার্যক্রম, পদক্ষেপ ও সিদ্ধান্ত উচ্চ আদালতের বিবেচনাধীন রয়েছে কী না তা নিশ্চিতপূর্বক খসড়া চূড়ান্ত করা সমীচীন। |

৪। উল্লিখিত সুপারিশের আলোকে পরিমার্জিত অধ্যাদেশ উদ্যোগী বিভাগ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/১/২০২৬

ইয়াসমিন বেগম
অতিরিক্ত সচিব (আইন)
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সভাপতি
আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক
মতামত প্রদান সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি

নথি নম্বর: ০৪.০০.০০০০.০০০.১১২.১২.০০৫.২৬.১৩

তারিখ: ৬ মাঘ ১৪৩২ / ২০ জানুয়ারি ২০২৬

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২) অতিরিক্ত সচিব, পরিকল্পনা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

৩) যুগ্মসচিব, আইন-১ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

৪) যুগ্মসচিব, সিআর অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৫) যুগ্মসচিব, সিআর অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৬) যুগ্মসচিব, বাজেট-১ অধিশাখা, অর্থ বিভাগ।

৭) যুগ্মসচিব (ড্রাফটিং-৮), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

৮) যুগ্মসচিব, লেজিসলেটিভ সাপোর্ট অনুবিভাগ, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়।

৯) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) বিশেষজ্ঞ, বাংলাভাষা বাস্তবায়ন কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১) অতিরিক্ত সচিব (আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৩/২/২৩

জাকির হোসেন
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০২২